

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-০২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২৮.১৮.৮৫

তারিখ: ৫ কার্তিক ১৪২৭

২১ অক্টোবর ২০২০

বিষয়: বরগুনা জেলার আমতলী উপজেলার পূর্ব কচুপাত্রা ছালেহীয়া দাখিল মাদ্রাসার নিরাপত্তা প্রহরী ও আয়া পদে নিয়োগ প্রক্রিয়ায় অবৈধ লেন-দেন হওয়া সংক্রান্তে উত্থাপিত অভিযোগ তদন্তক্রমে মতামত ও সুপারিশ সহ তদন্ত প্রতিবেদন টিএমইডিতে প্রেরণ

সূত্র: জনাব মো: ছিদ্দিক হাওলাদার, সাং-পূর্ব কচুপাত্রা, পো: কচুপাত্রা, উপজেলা-তালতলী, জেলা-বরগুনা এর নিকট হতে প্রাপ্ত অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনৈক জনাব মো: ছিদ্দিক হাওলাদার, সাং-পূর্ব কচুপাত্রা, পো: কচুপাত্রা, উপজেলা-তালতলী, জেলা-বরগুনা এর নিকট হতে বরগুনা জেলার আমতলী উপজেলার পূর্ব কচুপাত্রা ছালেহীয়া দাখিল মাদ্রাসার নিরাপত্তা প্রহরী ও আয়া পদে নিয়োগের বিষয়ে অবৈধ লেন-দেন এর অভিযোগ উত্থাপিত হয়েছে।

০২. উত্থাপিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় বিষয়টি তদন্ত হওয়া প্রয়োজন বিধায় তদন্তের সুবিধার্থে নিম্নবর্ণিত কর্মপরিধি (ToR) নির্ধারণ করা হয়েছে- আলোকে ০৫.১১.২০২০ তারিখের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) বরগুনা জেলার আমতলী উপজেলার পূর্ব কচুপাত্রা ছালেহীয়া দাখিল মাদ্রাসার নিরাপত্তা প্রহরী ও আয়া পদে নিয়োগ অবৈধভাবে হয়েছে কিনা;

(খ) নিরাপত্তা প্রহরী ও আয়া নিয়োগে অবৈধ লেনদেন হয়েছে কিনা; এবং

(গ) অভিযোগ প্রমাণিত বা অপ্রমাণিত হয়েছে কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান।

(ঘ) দায়ী ব্যক্তি কে বা কারা নাম, পদবী ঠিকানা সহ পূর্ণাঙ্গ তথ্য

(ঙ) অভিযোগ প্রমাণিত হলে দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের উপর কি ধরনের শাস্তি আরোপযোগ্য এবং এর জন্য ক্ষমতাবান কর্তৃপক্ষ কে? এমতাবস্থায় উপরিউক্ত বিষয়াদি বিবেচনাক্রমে অভিযোগের বিষয়টি তদন্তক্রমে মতামত এবং করণীয় সম্পর্কে সুপারিশসহ আগামি ০৫.১১.২০২০ তারিখের মধ্যে তদন্ত প্রতিবেদন টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্য কর্মকর্তা দ্বারা তদন্ত করানো হলে প্রতিবেদনের সাথে একমত কিনা তা উল্লেখ করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক অভিযোগ আবেদন ০৬ ফর্দ।

২১-১০-২০২০

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব

ফোন: ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা),

নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।


স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০২৮.১৮.৮৫/১(৪)

তারিখ: ৫ কার্তিক ১৪২৭

২১ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



২১-১০-২০২০

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব